যুগান্তর

তারিখ 19 MAR 2015
পৃষ্ঠা ৩/ কলাম ৭

# রাঙ্গামাটি মেডিকেল কলেজে শিক্ষা কার্যক্রম শুরুর নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

যুগান্তর রিপোর্ট

শিগগিরই রাঙ্গামাটি মেডিকেল কলেজের শিক্ষা কার্যক্রম শুরুর নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। এ লক্ষ্যে প্রয়োজনীয় প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে সংশ্লিষ্টদের আরও তৎপর হতে তিনি নির্দেশ দিয়েছেন। রোববার সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে রাঙ্গামাটি মেডিকেল কলেজের কার্যক্রম সংক্রান্ত এক সভায় সভাপতিত্বকালে তিনি এ নির্দেশ দেন। রাঙ্গামাটি মেডিকেল কলেজের পরিচালনা বোর্ডে জনসংহতি সমিতির একজন প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এ কলেজে ছাত্রছাত্রী ভর্তির ক্ষেত্রে ভবিষ্যতে প্রয়োজনে উপজাতীয় কোটা সম্প্রসারণেরও সিদ্ধান্ত নেয়া হয়। সভায় পার্বত্য চট্টগ্রামবিষয়ক প্রতিমন্ত্রী বীর বাহাদুর, স্বাস্থ্য সচিব সৈয়দ মনজুরুল ইসলাম, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ও জনসংহতি সমিতির নেতারা এবং মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন। এর আগে বাংলাদেশ পেডিয়াট্রিক অ্যাসোসিয়েশনের নবনির্বাচিত কমিটির নেতারা মন্ত্রণালয়ে মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় স্বাস্থ্য সচিব সৈয়দ মনজুরুল ইসলাম, জাতীয় অধ্যাপক প্রখ্যাত শিশুবিশেষজ্ঞ ডা. এমআর খান, বারডেমের মহাপরিচালক ডা. নাজমুন নাহারসহ অ্যাসোসিয়েশনের নেতারা ও মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মন্ত্রী দেশের উপজেলা পর্যায়ের হাসপাতালগুলোতে শিশুদের জন্য ১৫০ জন চিকিৎসক পদায়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন। মন্ত্রী বাংলাদেশে পেডিয়াট্রিক অ্যাসোসিয়েশনের নেতাদের উপজেলার বিদ্যালয়গুলোতে শিশু স্বাস্থ্য সচেতনতাবিষয়ক ক্যাম্প করার জন্য আহ্বান জানান। স্বাস্থ্যমন্ত্রী বলেন, সরকার প্রতিটি বিভাগে শিশু হাসপাতাল স্থাপনের বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করছে। এছাড়া ইউনিয়ন পর্যায়ের মা ও শিশুকল্যাণ কেন্দ্রের সংখ্যা আরও বাড়ানো যায় কিনা সেই বিষয়টিও বিবেচনা করা হবে।